গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪১.১৮.০৩৪.২৩.৭৬১ তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

বিষয়: **২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) অগ্রগতি প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরে সমন্বিত বার্ষিক কর্মপরিকল্পনায় (এপিএ) অন্তর্ভুক্ত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক অগ্রগতি (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১, ২, ৩, ৪, ৫, ৬ এবং ৭।

৯-১০-২০২৩
ড. মোঃ আবুল হোসেন
যুগ্মসচিব (ক্রীড়া-২)
ফোন: ০২-২২৩৩৫৪০০৯
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪৪০৮
ইমেইল: abulhdr66@gmail.com

সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ** যুগ্মসচিব (সংযুক্ত), সুশাসন ও অভিযোগ ব্যবস্থাপনা অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪১.১৮.০৩৪.২৩.৭৬১/১(৩) তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
২) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩) অতিরিক্ত সচিব প্রশাসন মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৯-১০-২০২৩
ড. মোঃ আবুল হোসেন
যুগ্মসচিব (ক্রীড়া-২)

# ২০২৩-২০২৪ অর্থবছরের অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২৩) অগ্রগতি প্রতিবেদন:

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | ১ম ত্রৈমাসিক অগ্রগতি | ২য় ত্রৈমাসিক অগ্রগতি | অর্ধবার্ষিক অগ্রগতি (১ম+২য়) | ৩য় ত্রৈমাসিক অগ্রগতি | ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি | বার্ষিক চূড়ান্ত অগ্রগতি (১ম+২য়+ ৩য়+৪র্থ) | দাবীকৃত নম্বর | প্রদত্ত প্রমাণক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| প্রাতিষ্ঠানিক | ১৮ | [১.১] নির্দিষ্ট সময়ে জিআরএস সিস্টেম, অফলাইন ও অন্যান্য মাধ্যমে প্রাপ্ত অভিযোগ ও আপিল নিষ্পত্তি | [১.১.১] অভিযোগ ও আপিল নিষ্পত্তিকৃত | % | ১০ | ৯০ | ১০০% | | | | | | | সংযুক্ত |
| | | [১.১.১] যদি কোনো মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় কার্যালয়ে জিআরএস সিস্টেমে কোনো অভিযোগ পাওয়া না যায়, উক্ত মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় কার্যালয় কর্তৃক স্টেকহোল্ডারের সমন্বয়ে সভা আয়োজন | [১.১.১.১] স্টেক হোল্ডারের সমন্বয়ে সভা আয়োজিত | সংখ্যা | | ২ | | | | | | | | |
| | | [১.২] আওতাধীন দপ্তর/সংস্থা/অফিসের অভিযোগ নিষ্পত্তি | [১.২.১] আওতাধীন দপ্তর/ সংস্থা/অফিসের অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ৫ | ৯০ | ১০০% | | | | | | | সংযুক্ত |
| | | [১.২.১] প্রাপ্ত অভিযোগসমূহ পর্যালোচনান্তে অভিযোগ উদ্ভবের কারণ সনাক্তকরণ, করণীয় নির্ধারণ ও গৃহীত কার্যক্রম সংক্রান্ত অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণ (শুধুমাত্র আওতাধীন দপ্তর/সংস্থা/অফিসবিহীন মন্ত্রণালয়/বিভাগ/বিভাগীয় কার্যালয়ের জন্য প্রযোজ্য) | [১.২.১.১] অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | | ২ | - | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৩.১] মাসিক প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ৩ | ১২ | ০৩ টি (জুলাই-সেপ্টেম্বর) | | | | | | | সংযুক্ত |

| কার্যক্রমের ক্ষেত্র | মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | লক্ষ্যমাত্রা (অসাধারণ) | ১ম ত্রৈমাসিক অগ্রগতি | ২য় ত্রৈমাসিক অগ্রগতি | অর্ধবার্ষিক অগ্রগতি (১ম+২য়) | ৩য় ত্রৈমাসিক অগ্রগতি | ৪র্থ ত্রৈমাসিক অগ্রগতি | বার্ষিক চূড়ান্ত অগ্রগতি (১ম+২য়+ ৩য়+৪র্থ) | দাবীকৃত নম্বর | প্রদত্ত প্রমাণক |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| সক্ষমতা অর্জন | ০৭ | [২.১] নিজ অফিস ও আওতাধীন অফিসের কর্মকর্তা/কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ/কর্মশালা/সেমিনার আয়োজন (১ম অর্ধবার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি) | [২.১.১] প্রশিক্ষণ/ কর্মশালা/ সেমিনার আয়োজিত | সংখ্যা | ৪ | ২ | - | | | | | | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন (১ম অর্ধবার্ষিকীতে একটি এবং দ্বিতীয় অর্ধবার্ষিকীতে একটি) | [২.২.১] সভা আয়োজিত | সংখ্যা | ৩ | ২ | - | | | | | | | |

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা

বিষয়: **মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থার সেপ্টেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ।**

সূত্র: সমন্বয়-০২ শাখার স্মারক নং-৩৪.০০.০০০০.০৪৯.০৬.০০৬.২১.৩৯৯,তারিখ: ২৮/১০/২০২১ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থার সেপ্টেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ১ এবং ২।

৪-১০-২০২৩

দীপ্তিময়ী জামান
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫০৭
ইমেইল:
sas.admin1@moysports.gov.bd

সিনিয়র সহকারী সচিব, সমন্বয়-২ শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়,
ঢাকা।

ইউ. ও. নোট নম্বর: ৩৪.০০.০০০০.০৪১.১৬.০০৭.২৩.৭৫৫

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০
০৩ অক্টোবর ২০২৩

অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মাসের নাম: সেপ্টেম্বর/২০২৩

| বর্তমানে মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পত্র/ দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | ০১ টি | ০১ টি | ০১টি | (ক) ০২.০৯.২০২৩ খ্রি. তারিখে অনলাইনে ০১টি অভিযোগ পাওয়া যায়। অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট-এর সাথে সম্পৃক্ত হওয়ায় অভিযোগটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১২.০৯.২০২৩ খ্রি. তারিখের ৩৪.০০.০০০০.০৪১.১৬.০০৭.২৩.৩৪৬ নং স্মারকের মাধ্যমে অভিযোগটি নিষ্পত্তিপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। সে পরিপ্রেক্ষিতে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ১৩.০৯.২০২৩ খ্রি. তারিখের ৩৪.০৬.২৬৭২.০০০.১৬.০৫২.২১.১৬(ক) স্মারকের মাধ্যমে অভিযোগটি নিষ্পত্তিপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করেছেন (কপি সংযুক্ত)। | - | - |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১৬.০০৭.২৩.৩৪৬ তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ / ১২ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অনলাইন অভিযোগ প্রতিকার ব্যবস্থায় শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট যুক্ত না থাকায় উক্ত প্রতিষ্ঠান সংশ্লিষ্ট প্রাপ্ত ০১ (এক)টি অভিযোগ মুদ্রিত নথিতে নিষ্পত্তি প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতাধীন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট-এর ডিপ্লোমা কোর্সে ভর্তির আবেদনের লিংক সংক্রান্ত ০১ (এক)টি অভিযোগ পাওয়া যায়। উক্ত অভিযোগটি এসাথে প্রেরণ করা হলো। ০২ (দুই) কার্যদিবসের মধ্যে অভিযোগটি নিষ্পত্তিপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

ড. মোঃ আবুল হোসেন
যুগ্মসচিব
ফোন: ০২-২২৩৩৫৪০০৯
ইমেইল: abulhdr66@gmail.com

মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
সাভার, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৪১.১৬.০০৭.২৩.৩৪৬ তারিখ: ২৮ ভাদ্র ১৪৩০ / ১২ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা
২। যুগ্মসচিব (ক্রীড়া) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

ড. মোঃ আবুল হোসেন
যুগ্মসচিব

O/C

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

অভিযোগের তারিখ: ০২-০৯-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৭৪১৮৮৪৬৬৩০০০১
অবস্থা: নতুন
**বিষয়: আবেদন লিংক পাই নি**

মহোদয়,

১৮ নাম্বার বিজ্ঞাপনের আবেদন লিংক পাচ্ছি না স্যার

আপনার বিশ্বস্ত

জালাল উদ্দিন
মোবাইল নম্বর: ০১৭৪১৮৮৪৬৬৩

11:04 4G 41%

shnyc.gov.bd/site/

Color C C C C

কনটেন্টটি শেয়ার করতে ক্লিক

Bangladesh National Portal

ফেইসবুক পেইজ ভিজিট ও লাইক দিন।

নোটিশ

Show 100 entries

পোলিং

Search:

মতামত

| ক্রমিক | শিরোনাম | প্রকাশের তারিখ | ডাউনলো |
|---|---|---|---|
| ১৮ | ভর্তি বিজ্ঞপ্তিঃ (i) Diploma In ICT (ii) Diploma In Web Application And Web Development (iii) Diploma In Hotel, Tourism And Hospitality Management বিষয়ক ০৩টি ডিপ্লোমা কোর্সের জন্য অনলাইনে সরাসরি আবেদন আহ্বান। | ২০২৩-০৭-৩১ | PDF |
| ১৭ | আগামী ০৬-০৮-২০২৩খ্রি. তারিখ হতে অনুষ্ঠিতব্য i) Graphics Design and Multimedia (ii) Digital Marketing (iii) Web Site Design বিষয়ক ০৩টি প্রশিক্ষণ কোর্সে অনলাইনে আবেদনকৃতদের মধ্য হতে নির্বাচিতদের তালিকা। | ২০২৩-০৭-৩১ | PDF |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.১৬.০৫২.২১- ৯৬(৫)

তারিখ:- ২৯ ভাদ্র, ১৪৩০ ব.
১৩ সেপ্টেম্বর, ২০২৩খ্রি.

**বিষয়:-** শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ডিপ্লোমা কোর্সের ভর্তির বিজ্ঞপ্তি মতে আবেদন লিংক না পাওয়া সংক্রান্ত অভিযোগ নিষ্পত্তিকরণ প্রসংগে।

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ৩৪.০০.০০০০.০৪১.১৬.০০৭.২৩.৩৪৬; তারিখ ১২ সেপ্টেম্বর ২০২৩খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ডিপ্লোমা কোর্সে ভর্তির আবেদন লিংক না পাওয়া সংক্রান্ত অভিযোগটি এ ইনস্টিটিউটের অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও উপপরিচালক(প্রশাসন ও অর্থ) জনাব কামরুন নাহার এর নিকট নিষ্পত্তির জন্য অর্পণ করা হয়। বর্ণিত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তিনটি ডিপ্লোমা কোর্সের অনলাইন আবেদন লিংক বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী ২০/০৮/২০২৩ তারিখ বিকাল ৫.০০ টায় বন্ধ হয়ে যায়। আবেদন দাখিলের নির্ধারিত শেষ সময় ২০/০৮/২০২৩ তারিখের ১২ দিন পর অর্থ্যাৎ ০২/০৯/২০২৩ তারিখ জনাব জালাল উদ্দিন তার অভিযোগ দাখিল করেন। প্রাপ্ত অভিযোগ প্রমাণিত না হওয়ায় তিনি অভিযোগটি নিষ্পত্তি করেন এবং এ প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রতিশ্রুতি ও উল্লিখিত সেবার মান লঙ্ঘিত হয়নি মর্মে মতামত প্রদান করেছেন।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্ত: ০২ ফর্দ।

১৩/৯/২০২৩

আবু তাহের মো: মাসুদ রানা
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৩০
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd

**সচিব**
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা
www.shniyd.gov.bd

স্মারক নং- ৩৪.০৬.২৬৭২.০০০.১৬.০৫২.২১- ১৬ তারিখ:- ২৮ ভাদ্র, ১৪৩০ ব. / ১২ সেপ্টেম্বর, ২০২৩খ্রি.

**বিষয়:-** জনাব জালাল উদ্দিন, মোবাইল নং ০১৭৪১৮৮৪৬৬৩ এর অভিযোগ নিষ্পত্তিকরণ বিষয়ক প্রতিবেদন।

সূত্র: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ৩৪.০০.০০০০.০৪১.১৬.০০৭.২৩.৩৪৬; তারিখ ১২ সেপ্টেম্বর ২০২৩খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানাচ্ছি যে, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ডিপ্লোমা কোর্সের ভর্তির আবেদন লিংক সংক্রান্ত অভিযোগটি নির্ধারিত সময়ের ১২দিন পর ০২-০৯-২০২৪ তারিখ অভিযোগ করেন। তিনটি ডিপ্লোমা কোর্সে অনলাইন আবেদন লিংকে বিজ্ঞপ্তি অনুযায়ী ২০-০৮-২০২৩ তারিখ নির্ধারিত সময় বিকাল ৫.০০টা বন্ধ হয়ে যায়। যার কারণে অভিযোগকারী আবেদন লিংকটি খুজে পায়নি/প্রবেশ করতে পারেনি। আবেদনকারী ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য নির্ধারিত শেষ সময় ২০/০৮/২-৩ এর মধ্যে লিংক না পাওয়া সংক্রান্ত কোন অভিযোগ দাখিল করেনি। ১২ দিন পর ০২/০৯/২০২৩ তারিখে অভিযোগ দাখিল করেন।

নথি পর্যালোচনায় দেখা যায় ৩টি ডিপ্লোমা কোর্সের ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশিত হলে i. Diploma in ICT- ১৪৭ জন, ii. Diploma in Web Apllication And Web Develoment- ২১৬ জন & iii. Diploma in Hotel. Toursim And Hospotality Management- ৫০৫ জন ভর্তির জন্য আবেদন দাখিল করেন। লিংক না পাওয়ার বিষয়ে আর কেউ অভিযোগ দাখিল করেননি। ফলে প্রাপ্ত অভিযোগ ভিত্তিহীন বলিয়া তা নিষ্পত্তি করা হয়েছে।

এ বিষয়ে জনাব জালাল উদ্দিন এর সাথে টেলিফোনে যোগাযোগ করে বিষয়টি অবহিত করা হয়েছে।

অভিযোগ প্রতিকার ব্যবস্থা-সংক্রান্ত নির্দেশিকা, ২০১৫ (পরিমার্জিত ২০১৮) অনুসারে প্রাপ্ত অভিযোগটি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, অনলাইনে প্রাপ্ত অভিযোগটিতে অত্র প্রতিষ্ঠানের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter)-এ বর্ণিত সেবার মান লঙ্ঘিত হয়নি।

বিষয়টি মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য প্রেরণ করা হলো।

১২/০৯/২৩

কামরুন নাহার
উপপরিচালক(প্রশাসন ও অর্থ)
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
ফোন:-০২-২২৪৪২৬০৬৮
ই-মেইল- dgshniyd@shniyd.gov.bd

মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন উনস্টিটিউট
সাভার, ঢাকা

''সরকারি খরচে প্রশিক্ষণ গ্রহণ করে স্বাবলম্বী হউন''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।

# ডিপ্লোমা কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় নিম্নবর্ণিত ডিপ্লোমা কোর্সে ভর্তির জন্য যুব ও যুবনারীদের নিকট থেকে ইনস্টিটিউটের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন আহবান করা হচ্ছে।

| ক্র.নং | কোর্সের নাম | মেয়াদ | বয়স (২০-০৮-২০২৩তারিখে) |
|---|---|---|---|
| ০১ | Diploma In ICT | ০৬ মাস | ১৮ হতে ৩৫ বছর |
| ০২ | Diploma In Web Application And Web Development | ০৬ মাস | ১৮ হতে ৩৫ বছর |
| ০৩ | Diploma In Hotel, Tourism And Hospitality Management | ০৬ মাস | ১৮ হতে ৩৫ বছর |

**কোর্সসমূহ আবাসিক। প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ, আবাসন, খাবার খরচ এবং যাতায়াত খরচ বিধি মোতাবেক সরকারি অর্থে নির্বাহ করা হবে।**

০১। শিক্ষাগত যোগ্যতা: এইচ.এস.সি পাশ। ১ ও ২ নং ক্রমিক এর প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য বেসিক কম্পিউটার কোর্স সম্পন্ন হতে হবে।

০২। ১ ও ২ নং ক্রমিকে বর্ণিত কোর্সে বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড প্রদত্ত Computer Office Application (৩৬০ ঘন্টা) অথবা সরকারী কোন প্রতিষ্ঠান প্রদত্ত ৩ মাস মেয়াদী বেসিক কম্পিউটার বিষয়ক কোর্স সম্পন্নকারীগণ আবেদন করতে পারবেন।

০৩। আবেদনের সময় শিক্ষাগত যোগ্যতা ও প্রযোজ্য ক্ষেত্রে বেসিক কম্পিউটার কোর্সের সনদপত্রের স্ক্যান কপি সংযুক্ত করতে হবে।

০৪। আবেদনপত্র পাওয়ার পর প্রাথমিকভাবে নির্বাচিতদের তালিকা, ভর্তি পরীক্ষার তারিখ ও সময় এবং ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য ২৩-০৮-২০২৩ তারিখ শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের www.shnyc.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৫। কোর্সে অংশগ্রহণের জন্য ১ ও ২ নং ক্রমিকের ক্ষে ত্রে বেসিক কম্পিউটার কোর্স বিষয়ে এবং ৩ নং ক্রমিকের ক্ষেত্রে ইংরেজি ও বাংলাদেশের পর্যটন বিষয়ে লিখিত ভর্তি পরীক্ষা নেয়া হবে। ১ ও ২ নং ক্রমিক এর ক্ষেত্রে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ ও কোর্স চলাকালীন সময়ে র জন্য আবশ্যিকভাবে Laptop সংগে আনতে হবে। পরীক্ষায় কৃতকার্যগনই মেধারভিত্তিতে কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন।

০৬। আবেদনের শেষ তারিখ ও সময়: ২০-০৮-২০২৩খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকার মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

০৭। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ /ডিএ প্রদান করা হবে না।

আবু তাহের মোঃ মাসুদ রানা
মহাপরিচালক
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট

"একই স্মারক নম্বর ও তারিখে প্রতিস্থাপিত"

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
প্রশাসন-১ শাখা

বিষয়: মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থার জুলাই/২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন (জুলাই/২০২৩) মাসে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে তৈরিকৃত প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

০৬/০৮/২০২৩

(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫০৭
ই-মেইল: sas.admin1@moysports.gov.bd

সিনিয়র সহকারী সচিব
সমন্বয়-২ শাখা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

ইউ.ও. নোট নম্বর: ৩৪.০০.০০০০.০৪১.১৬.০০৭.২৩.৫৮৫ তারিখ: ০৬.০৮.২০২৩

অভিযোগ প্রতিকার ব্যবস্থার মাসিক প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগের নাম: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

মাসের নাম: জুলাই/২০২৩

| বর্তমানে মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| পত্র/ দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| - | ০৩টি | ০৩টি | ০৩টি | (ক) ০২.০৭.২০২৩ খ্রি. তারিখে অনলাইনে ০১টি, ০৫.০৭.২০২৩ . তারিখে অনলাইনে ০১টি এবং ৩১.০৭.২০২৩ খ্রি. তারিখে অনলাইনে ০১টি অভিযোগ পাওয়া যায়। ০৫.০৭.২০২৩ খ্রি. তারিখে প্রাপ্ত অভিযোগটির বিষয় অস্পষ্ট ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট না হওয়ায় নথি জাত করা হয়েছে। অন্য অভিযোগ ০২টি এ মন্ত্রণালয়ের আওতাধীন ক্রীড়া পরিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদের সাথে সম্পৃক্ত হওয়ায় অভিযোগ ০২টি নিষ্পত্তি করার জন্য ক্রীড়া পরিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদে অনলাইনে অভিযোগট ০২টি প্রেরণ করা হয়েছে (কপি সংযুক্ত)। | - | ১৪.০৪.২০২১ তারিখে অনলাইনে প্রাপ্ত অভিযোগটি ০৫.০৭.২০২৩ খ্রি. তারিখে এবং ০৫.০৬.২০২৩ খ্রি. তারিখে প্রাপ্ত অভিযোগটি ২৪.০৬.২০২৩ খ্রি.তারিখে নিষ্পত্তি করা হয়েছে (কপি সংযুক্ত)। |

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
জাতীয় ক্রীড়া পরিষদ

অভিযোগের তারিখ: ০২-০৭-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৫৩১৯১৭৭৮৩০০০১
অবস্থা: আওতাধীন দপ্তরে প্রেরণ

**বিষয়: রাজশাহী বিভাগীয় স্টেডিয়াম প্রসঙ্গে**

মহোদয়,

মাননীয় মন্ত্রী মহোদয় আস্সালামুআলাইকুম.আশা করছি ভালো ও সুস্থ আছেন.আমার অভিযোগ টি হচ্ছে রাজশাহী বিভাগীয় এ,এইচ,কামারুজ্জামান স্টেডিয়াম এর চারিপাশ জঙ্গল ও খুব ই অপরিষ্কার অপরিচ্ছন্ন অবস্থায় রয়েছে জানিনা স্টেডিয়াম কর্তৃপক্ষ সেগুলো পরিষ্কার করেন না কেন না মন্ত্রণালয় থেকে কি টাকা বরাদ্দ দেয়া হয় না স্টেডিয়াম কর্তৃপক্ষকে আশা করছি আমার অভিযোগটি গুরুত্বের সাথে বিবেচনা করে দেখবেন ও পরিষ্কার করার জন্য স্টেডিয়াম কর্তৃপক্ষকে উদ্যোগ নিতে বলবেন ধন্যবাদ ভালো থাকেন .

আপনার বিশ্বস্ত

MD.ZAHIRUL ISLAM JONY
মোবাইল নম্বর: ০১৫৩১৯১৭৭৮৩

(২) পদক্ষেপ: অভিযোগ অন্য দপ্তরে প্রেরিত

ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক অভিযোগটি শেখ হামিম হাসান, পরিচালক, প্রশাসন অনুবিভাগ, জাতীয় ক্রীড়া পরিষদ -এর দপ্তরে প্রেরিত হয়েছে।

তারিখ: রবিবার, ০২ জুলাই ২০২৩ : ০১:২১ অপরাহ্ন

বিস্তারিত

প্রাপ্ত অভিযোগটি প্রয়োজনীয় ব্যবস্থা ও নিষ্পত্তির জন্য প্রেরণ করা হলো।

(১) পদক্ষেপ: নতুন অভিযোগ প্রাপ্তি

অভিযোগকারী কর্তৃক ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর নিকট প্রেরিত।

তারিখ: রবিবার, ০২ জুলাই ২০২৩ : ০৯:২৫ পুর্বাহ্ন

বিস্তারিত

অভিযোগকারী একটি নতুন অভিযোগ জমা দিয়েছেন

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

অভিযোগের তারিখ: ০৫-০৭-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৯৭৩৬২২১৭৭০০০১
অবস্থা: নথিজাত
**বিষয়: account deactivation**

মহোদয়,

amar account ti login kora jachche na necessary action plz.

আপনার বিশ্বস্ত

ABDUL MOTALEB
মোবাইল নম্বর: ০১৯৭৩৬২২১৭৭

(২) পদক্ষেপ: অভিযোগ নথিজাতকৃত

ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় অভিযোগটি নথিজাত করে দিয়েছেন।

তারিখ: বুধবার, ০৫ জুলাই ২০২৩ : ০১:৫৩ অপরাহ্ন

বিস্তারিত

বিষয়টি অস্পষ্ট ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট না হওয়ায় নথি জাত করা হলো।

(১) পদক্ষেপ: নতুন অভিযোগ প্রাপ্তি

অভিযোগকারী কর্তৃক ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর নিকট প্রেরিত।

তারিখ: বুধবার, ০৫ জুলাই ২০২৩ : ১২:০৯ পুর্বাহ্ন

বিস্তারিত

অভিযোগকারী একটি নতুন অভিযোগ জমা দিয়েছেন

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
ক্রীড়া পরিদপ্তর

অভিযোগের তারিখ: ৩১-০৭-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৯১৪৭২৬২১০০০০২
অবস্থা: আওতাধীন দপ্তরে প্রেরণ
**বিষয়: NOC ফরম পূরণ করে 06/11/2022 তারিখে ক্রীড়া পরিদপ্তরে দপ্তরে পাঠানো হলেও আজ অবদি তা তার অনুমোদন পায় নি।**

মহোদয়,

NOC ফরম পূরণ করে গত 06/11/2022 তারিখে ক্রীড়া পরিদপ্তরে পাঠানো হলেও আজ অবদি তা অনুমোদন পায় নি। যার দরুন আন্তর্জাতিক অফিসিয়াল পাসপোর্ট এর জন্য আজ অবদি আবেদন করা যাচ্ছে না।

আপনার বিশ্বস্ত

MD. MOFAZZAL HOSSAIN
মোবাইল নম্বর: ০১৯১৪৭২৬২১০

## (২) পদক্ষেপ: অভিযোগ অন্য দপ্তরে প্রেরিত

ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক অভিযোগটি মোঃ আজিম হোসেন, সহকারী পরিচালক , সহকারী পরিচালক (প্রশাসন) , ক্রীড়া পরিদপ্তর -এর দপ্তরে প্রেরিত হয়েছে।

তারিখ: সোমবার, ৩১ জুলাই ২০২৩ : ০৬:২৮ অপরাহ্ন

বিস্তারিত

প্রাপ্ত অভিযোগটির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা ও নিষ্পত্তির জন্য প্রেরণ করা হলো।

## (১) পদক্ষেপ: নতুন অভিযোগ প্রাপ্তি

অভিযোগকারী কর্তৃক ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এর নিকট প্রেরিত।

তারিখ: সোমবার, ৩১ জুলাই ২০২৩ : ০২:১৩ অপরাহ্ন

বিস্তারিত

অভিযোগকারী একটি নতুন অভিযোগ জমা দিয়েছেন

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

অভিযোগের তারিখ: ১৪-০৪-২০২১
ট্র্যাকিং নম্বর: ১০০০০৬৪৭৪
অবস্থা: নিষ্পত্তি

**বিষয়: প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়) প্রকল্পের ২০২০ মার্চ মাসের ১৮ তারিখে নিয়োগ পরিক্ষা ও মৌখিক পরিক্ষা বাতিল বিজ্ঞপ্তি প্রকাশ।করে নতুন**

মহোদয়,

প্রাথমিক বিদ্যালয়সমূহে কাব স্কাউটিং সম্প্রসারণ (৪র্থ পর্যায়) প্রকল্পের ২০২০ মার্চ মাসের ১৮ তারিখে নিয়োগ পরিক্ষা ও মৌখিক পরিক্ষা হয়, সেখানে হিসাবরক্ষক পদে তিন জন মৌখিক পরিক্ষার জন্য বিবেচিত হয়, কিন্তু একজন মৌখিক পরিক্ষা দেয়নি, বাকি দুজন মৌখিক পরিক্ষা দেয়, ঐ দুজনের মধ্যে আমি একজন, আর একজনের নাম ইমরান,ইমরান ঐ চাকরিতে অংশগ্রহন করবেনা এবং সে অংশ করে নাই, বাকি আমি একাই থাকি, কিন্তু আমাকে নিয়োগ না দিয়ে এক বছর পর আবার নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে। কেন আমাকে নিয়োগ দিলো না, সেই বিজ্ঞপ্তি বাতিল করেছে কি না, যদি বাতিল করে থাকে তাহলে কোন পত্রিকায় করেছে তা জানতে চাই। আমাদের কাছ থেকে নিয়োগ পরিক্ষার ফি নিয়েছে, আবার পরিক্ষা দিতে ২০০০ থেকে ২৫০০ খরচ হয়েছে, আমাদের সাথে কেন তালবাহানা করা হচ্ছে, বার বার নিয়োগ ফি চাচ্ছে, তাহলে কি প্রতিষ্ঠান ব্যবসা শুরু করেছে তা জানতে চাই।

আপনার বিশ্বস্ত

Md.Saifur Rahman
মোবাইল নম্বর: ০১৭৩৮৬৮৬৫০৩

(৩) পদক্ষেপ: অভিযোগ নিষ্পত্তি

---

ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় অভিযোগটি নিষ্পত্তি করেছেন।

তারিখ: বুধবার, ০৫ জুলাই ২০২৩ : ০২:২৭ অপরাহ্ন

বিস্তারিত

বিষয়টি যুব ও ক্রীড়া মন্ত্রণালয় সংশ্লিষ্ট না হওয়ায় নিস্পত্তি করা হলো।

(২) পদক্ষেপ: মতামত প্রাপ্তি

---

মোঃ মোস্তফা কামাল মজুমদার, অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় মতামত প্রদান করেছেন যা ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নিকট প্রেরণ করা হয়েছে।

তারিখ: মঙ্গলবার, ০৪ জুলাই ২০২৩ : ০৩:৫৬ অপরাহ্ন

বিস্তারিত

এ অভিযোগটি যুব  ও ক্রিয়া মন্ত্রনালয় সম্পর্কিত নয়।

(১) পদক্ষেপ: অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা পরিবর্তন

---

বর্তমান অনিক: মোঃ মোস্তফা কামাল মজুমদার, অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

তারিখ: বৃহস্পতি, ০১ জুন ২০২৩ : ০২:২৬ অপরাহ্ন

বিস্তারিত

অনিক পরিবর্তিত হয়েছে

বরাবর
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর

অভিযোগের তারিখ: ০৫-০৬-২০২৩
ট্র্যাকিং নম্বর: ১৭২৮৭৭৫৭৮১০০০১
কেস নম্বর: ২০২৩১৪০০০০৭৪
অবস্থা: নিষ্পত্তি
**বিষয়: গাজীপুর যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক কলারের কাছ থেকে বিভিন্নভাবে টাকা চেয়েছেন এবং খারাপ ব্যবহার করেছেন।**

মহোদয়,

গাজীপুর জেলার যুব উন্নয়ন অধিদপ্তর কার্যালয়ের উপ-পরিচালক হারুনুর রশীদ ড্রাইভিং লাইসেন্স করার জন্য কলারের কাছ থেকে 4000 টাকা ঘুষ চেয়েছেন . এছাড়াও কলারের কাছ থেকে বিভিন্নভাবে টাকা চেয়েছেন। এরপর তিনি যখন ব্যাংক লোন চেয়েছেন তখন তাকে লোন দেয়া হয়নি , এবং তার সঙ্গে খারাপ ব্যবহার করেছেন। তাই কলার উপ-পরিচালকের বিরুদ্ধে অভিযোগ করেছেন।

আপনার বিশ্বস্ত

Md Sohel

## ) পদক্ষেপ: অভিযোগ নিষ্পত্তি

---

ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় অভিযোগটি নিষ্পত্তি করেছেন।

তারিখ: সোমবার, ২৪ জুলাই ২০২৩ : ০৪:১৫ অপরাহ্ন

### বিস্তারিত

অভিযোগকারী প্রশিক্ষণ প্রাপ্ত যুবক জনাব মোঃ সোহেল, (মোবাইল নম্বর: ০১৭২৮৭৭৫৭৮১) যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়াধীন যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ব্যাচের একজন প্রশিক্ষণার্থী হিসাবে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়ের উপপরিচালক জনাব মোঃ হারুন অর রশীদ খান ড্রাইভিং লাইসেন্স করার জন্য অভিযোগকারীর নিকট থেকে ৪,০০০/- (চার হাজার) টাকা ঘুষ চেয়েছেন এবং বিভিন্ন ভাবে টাকা চেয়েছেন বলে অভিযোগ করেন। অভিযোগটি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে নিস্পত্তি করা হয়। পরবর্তীতে তিনি এ বিষয়ে অনলাইনে আপিলের আবেদন করেন। এ বিষয়ে মতামতের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরে প্রেরণ করা হলে অধিদপ্তর থেকে লিখিত মতামত পাওয়া যায়।

মতামতে অধিদপ্তর থেকে জানান হয়, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ গ্রহণের পর ড্রাইভিং লাইসেন্স প্রদানের বিষয়টি বিআরটিএ, গাজীপুর এর এখতিয়ারভুক্ত। সে জন্য ড্রাইভিং লাইসেন্স করার জন্য অভিযোগকারীর নিকট থেকে ৪,০০০/- (চার হাজার) টাকা ঘুষ চেয়েছেন এবং বিভিন্নভাবে টাকা চেয়েছেন বলে যে অভিযোগটি করা হয়েছে তা সঠিক নয়। প্রশিক্ষণ গ্রহণের পরে সংশ্লিষ্ট প্রশিক্ষণার্থী জনাব মোঃ সোহেল যাতায়াত ভাতা এবং অন্যান্য সুবিধাদিও গ্রহণ করেছেন। উপপরিচালক, গাজীপুর জনাব মোঃ হারুন অর রশীদ খান লিখিতভাবে অধিদপ্তরকে জানান যে, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণের সনদ দিয়ে যুব ঋণ প্রাপ্তির জন্য আবেদনকারী তার সাথে এবং সদর উপজেলা কার্যালয়ে আলোচনা করেন। ড্রাইভিং লাইসেন্স ও যুব ঋণ প্রাপ্তির পরামর্শ প্রদানকালীন তার সাথে কোন রকম খারাপ ব্যবহার করা হয়নি। এ ব্যাপারে জনাব মোঃ সোহেলকে জানানো হয় যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণের সনদ দিয়ে যুব ঋণ প্রাপ্তির কোন সুযোগ নেই। যুব ঋণ পেতে হলে যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়মিত প্রশিক্ষণ গ্রহন করতে হবে। ফলে যুব ঋণ না পাওয়ার বিষয়টি অবহিত হয়ে জনাব মোঃ সোহেল খারাপ প্রতিক্রিয়া দেখান এবং সংক্ষুব্ধ হয়ে অভিযোগ দাখিল করেন।

উপর্যুক্ত মতামতের পরিপ্রেক্ষিতে অভিযোগটি নিস্পত্তি যোগ্য। তাই অভিযোগটি নিষ্পত্তি করা হলো।

## (৩) পদক্ষেপ: মতামত প্রাপ্তি

---

মোঃ আঃ হামিদ খান , পরিচালক (প্রশাসন), প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর মতামত প্রদান করেছেন যা ড. মোঃ আবুল হোসেন, যুগ্মসচিব (ক্রীড়া-২), ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়-এর নিকট প্রেরণ করা হয়েছে।

তারিখ: বুধবার, ১২ জুলাই ২০২৩ : ০৫:০৭ অপরাহ্ন

### বিস্তারিত

অভিযোগকারী প্রশিক্ষণ প্রাপ্ত যুবক জনাব মোঃ সোহেল, (মোবাইল নম্বর: ০১৭২৮৭৭৫৭৮১) যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়াধীন যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ব্যাচের একজন প্রশিক্ষণার্থী হিসাবে প্রশিক্ষণ গ্রহণ করেছেন। প্রশিক্ষণ গ্রহণের পরে যাতায়াত ভাতা এবং অন্যান্য সুবিধাদি গ্রহণ করেছেন। যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়ের উপপরিচালক জনাব মোঃ হারুন অর রশীদ খান ড্রাইভিং লাইসেন্স করার জন্য অভিযোগকারীর নিকট থেকে ৪,০০০/- (চার হাজার) টাকা ঘুষ চেয়েছেন এবং বিভিন্ন ভাবে টাকা চেয়েছেন বলে যে অভিযোগ করেছে, সে বিষয়ে উপপরিচালক, গাজীপুর, জনাব মোঃ হারুন অর রশীদ খান এর নিকট জানতে চাওয়া হলে তিনি জানান, সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ সোহেল, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণের সনদ দিয়ে যুব ঋণ প্রাপ্তির জন্য তার সাথে এবং সদর উপজেলা কার্যালয়ে আলোচনা করেন। এ প্রেক্ষিতে উপপরিচালক, গাজীপুর, জনাব মোঃ হারুন অর রশীদ খান অভিযোগকারী জনাব মোঃ সোহেলকে অবহিত করেন যে, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণের সনদ দিয়ে যুব ঋণ প্রাপ্তির কোন সুযোগ নেই। যুব ঋণ পেতে হলে যুব উন্নয়ন অধিদপ্তরের নিয়মিত প্রশিক্ষণ গ্রহন করতে হবে। জনাব মোঃ হারুন অর রশীদ খান লিখিতভাবে অধিদপ্তরকে জানান যে, এ পরামর্শ প্রদানকালীন তার সাথে কোন রকম খারাপ ব্যবহার করা হয়নি। ভাতা প্রাপ্তির জন্য অভিযোগকারী জনাব মোঃ সোহেল লিখিতভাবে কোন আবেদনও দাখিল করেননি। ফলে যুব ঋণ না পাওয়ার বিষয়টি অবহিত হয়ে জনাব মোঃ সোহেল খারাপ প্রতিক্রিয়া দেখান এবং সংক্ষুব্ধ হয়ে মিথ্যা অভিযোগ দাখিল করেন।

উল্লেখ করা যাচ্ছে যে, যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষণ গ্রহণের পর ড্রাইভিং লাইসেন্স এর বিষয়টি বিআরটিএ, গাজীপুর এর অন্তর্ভুক্ত। উক্ত ব্যাচের ১৬ (ষোল) জন প্রশিক্ষণার্থী যুব

## (৫) পদক্ষেপ: অভিযোগ নিষ্পত্তি

মোঃ আঃ হামিদ খান , পরিচালক (প্রশাসন), প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর অভিযোগটি নিষ্পত্তি করেছেন।

তারিখ: মঙ্গলবার, ২৭ জুন ২০২৩ : ১২:২০ পুর্বাহ্ন

বিস্তারিত

অভিযোগকারী প্রশিক্ষণ প্রাপ্ত যুবক জনাব মোঃ সোহেল, (মোবাইল নম্বর: ০১৭২৮৭৭৫৭৮১) যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়াধীন যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ব্যাচের একজন প্রশিক্ষণ প্রাপ্ত যুবক। তিনি প্রশিক্ষণ পরবর্তী বিধি মোতাবেক যাতায়াত ভাতাসহ সকল সুবিধাদী গ্রহণ করেছেন। যানবাহন চালনা প্রশিক্ষণের সনদ দিয়ে বর্তমানে ঋণ প্রদানের কোন নির্দেশনা এবং নিয়মিত কোন প্রশিক্ষণ না থাকায় যুব ঋণ প্রদানের সুযোগ নেই মর্মে তাকে বিষয়টি সুন্দরভাবে বুঝিয়ে দেওয়া হয়। উল্লেখ্য যে, ঋণ প্রাপ্তি জন্য তিনি কোন লিখিত আবেদনও করেন নাই। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণের লাইসেন্সের বিষয়টি সম্পূর্ণ বিআরটিএ গাজীপুরের এখতিয়ার। প্রশিক্ষণার্থীরা তাদের যোগ্যতা প্রমান করেই লাইসেন্স প্রাপ্ত হন। এছাড়াও উল্লিখিত ব্যাচের ১৬ (ষোল) জন প্রশিক্ষণার্থী তাদের নিজ যোগ্যতায় বিআরটিএ কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হয়েছেন। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।

## (৪) পদক্ষেপ: মতামত প্রাপ্তি

মোঃ আতিকুর রহমান, উপপরিচালক, প্রশাসন অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর মতামত প্রদান করেছেন যা মোঃ আঃ হামিদ খান , পরিচালক (প্রশাসন), প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর-এর নিকট প্রেরণ করা হয়েছে।

তারিখ: সোমবার, ২৬ জুন ২০২৩ : ০৫:০৭ অপরাহ্ন

বিস্তারিত

অভিযোগকারী প্রশিক্ষণ প্রাপ্ত যুবক জনাব মোঃ সোহেল, (মোবাইল নম্বর: ০১৭২৮৭৭৫৭৮১) যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়াধীন যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ব্যাচের একজন প্রশিক্ষণ প্রাপ্ত যুবক। তিনি প্রশিক্ষণ পরবর্তী বিধি মোতাবেক যাতায়াত ভাতাসহ সকল সুবিধাদী গ্রহণ করেছেন। জনাব মোঃ সোহেল প্রশিক্ষণের সনদ দিয়ে ঋণ প্রাপ্তির জন্য সদর উপজেলা কার্যালয়ে এবং আমার সাথে আলোচনা করেন। যানবাহন চালনা প্রশিক্ষণের সনদ দিয়ে বর্তমানে ঋণ প্রদানের কোন নির্দেশনা এবং নিয়মিত কোন প্রশিক্ষণ না থাকায় যুব ঋণ প্রদানের সুযোগ নেই মর্মে তাকে বিষয়টি সুন্দরভাবে বুঝিয়ে দেওয়া হয়। উল্লেখ্য যে, ঋণ প্রাপ্তি জন্য তিনি কোন লিখিত আবেদনও করেন নাই। ফলে যুব ঋণ না পাওয়ার বিষয়টি অবহিত হয়েই তিনি সংক্ষুব্ধ হন ও ততক্ষনাৎ আমার অফিস কক্ষে খারাপ প্রতিক্রিয়াও দেখান। এমতাবস্থায় সংক্ষুব্ধতা থেকে জনাব মোঃ হারুন অর রশীদ খান, উপপরিচালকের বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট অভিযোগ উপস্থাপন করেছেন। এখানে আরো উল্লেখ্য যে, প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণের লাইসেন্সের বিষয়টি সম্পূর্ণ বিআরটিএ গাজীপুরের এখতিয়ার। প্রশিক্ষণার্থীরা তাদের যোগ্যতা প্রমান করেই লাইসেন্স প্রাপ্ত হন। এ বিষয়ে জনাব মোঃ হারুন অর রশীদ খান, উপপরিচালকের হস্তক্ষেপের কোন সুযোগ নাই। এছাড়াও উল্লিখিত ব্যাচের ১৬ (ষোল) জন প্রশিক্ষণার্থী তাদের নিজ যোগ্যতায় বিআরটিএ কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হয়েছেন। সংশ্লিষ্ট অভিযোগকারী গত জুন ২০২২ খ্রি. প্রশিক্ষণ গ্রহণ করলেও তিনি জনাব মোঃ হারুন অর রশীদ খান, উপপরিচালকের বরাবর অভিযোগ করেছেন ০৫/০৬/২০২৩ খ্রি. (প্রায় ১২ মাস পর)। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।

## (৩) পদক্ষেপ: মতামতের জন্য প্রেরণ করা হয়েছে

মোঃ আঃ হামিদ খান , পরিচালক (প্রশাসন), প্রশাসন, যুব উন্নয়ন অধিদপ্তর অভিযোগটি মতামতের জন্য প্রেরণ করেছেন।

প্রধান প্রাপক:মোঃ আতিকুর রহমান, উপপরিচালক, প্রশাসন অধিশাখা , যুব উন্নয়ন অধিদপ্তর

তারিখ: বুধবার, ১৪ জুন ২০২৩ : ০৫:২২ পুর্বাহ্ন

বিস্তারিত

আপনার দায়িত্বাধীন **<u>অন্যান্য</u>** সংক্রান্ত একটি অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগের বিস্তারিত সংযুক্ত করা হলো। আগামী ২২/০৬/২০২৩ এর মধ্যে এ বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করা হলো।

i. অভিযোগে উল্লিখিত সেবাটি ইতোমধ্যে প্রদান করা হয়ে থাকলে বিস্তারিত তথ্য প্রদান করতে হবে;

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সমন্বয়-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.২৬৫

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) জুলাই/২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.১৪৮, তারিখ: ৩০/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত জুলাই/২০২৩ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ৪ (চার) পাতা।

১০-৮-২০২৩
মো: আলী হায়দার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১০৮৩
ইমেইল: csmoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ** সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.২৬৫/১(৪)

তারিখ: ২৬ শ্রাবণ ১৪৩০
১০ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) উপসচিব, সমন্বয় ও আইন অধিশাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৩) প্রোগ্রামার (সংযুক্ত), আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৪) যুগ্মসচিব ( সমন্বয় ও আইন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১০-৮-২০২৩
মো: আলী হায়দার
সিনিয়র সহকারী সচিব

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন

### মাসের নাম: জুলাই/২০২৩

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | ০৩টি | ০৩টি | ০৩টি | (ক) ০২.০৭.২০২৩ খ্রি. তারিখে অনলাইনে ০১টি, ০৫.০৭.২০২৩ . তারিখে অনলাইনে ০১টি এবং ৩১.০৭.২০২৩ খ্রি. তারিখে অনলাইনে ০১টি অভিযোগ পাওয়া যায়। ০৫.০৭.২০২৩ খ্রি. তারিখে প্রাপ্ত অভিযোগটির বিষয় অস্পষ্ট ও যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট না হওয়ায় নথিজাত করা হয়েছে। অন্য অভিযোগ ০২টি এ মন্ত্রণালয়ের আওতাধীন ক্রীড়া পরিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদের সাথে সম্পৃক্ত হওয়ায় অভিযোগ ০২টি নিষ্পত্তি করার জন্য ক্রীড়া পরিদপ্তর এবং জাতীয় ক্রীড়া পরিষদে অনলাইনে অভিযোগ ০২টি প্রেরণ করা হয়েছে। | - | ১৪.০৪.২০২১ তারিখে অনলাইনে প্রাপ্ত অভিযোগটি ০৫.০৭.২০২৩ খ্রি. তারিখে এবং ০৫.০৬.২০২৩ খ্রি. তারিখে প্রাপ্ত অভিযোগটি ২৪.০৬.২০২৩ খ্রি.তারিখে নিষ্পত্তি করা হয়েছে। |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | - | ০৫ (পাঁচ) | ০৫ (পাঁচ) | ০৫ (পাঁচ) | ০১। অভিযোগকারী: জনাব মোঃ সোহেল, মোবাইল নম্বর: ০১৭২৮-৭৭৫৭৮১, গাজীপুর প্রশিক্ষণকালীন সময়ে সঠিকভাবে প্রশিক্ষণ না দেয়া ও ঘুষ দাবি করা মর্মে উপপরিচালক, গাজীপুর এর বিরুদ্ধে অভিযোগ করেছেন।<br><br>অভিযোগকারী প্রশিক্ষণপ্রাপ্ত যুবক জনাব মোঃ সোহেল, (মোবাইল নম্বর: ০১৭২৮৭৭৫৭৮১) এর সাথে ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখে টেলিফোনযোগে কথা হয়। প্রশিক্ষণকালীন একাধিকবার পরীক্ষায় অবতীর্ণ হওয়া, যুব ঋণ না পাওয়া, কর্মকর্তা-কর্মচারীদের নিকট হতে তার প্রত্যাশিত তথ্যের ফিডব্যাক সঠিকভাবে না পাওয়া ইত্যাদি বিষয়ের কারণে তিনি মূলত সংক্ষুব্ধ হয়ে অভিযোগ উত্থাপন করেছেন। বর্ণিত অভিযোগের বিষয়াদি সঠিক নয় মর্মে উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর এর সাথে ফোনযোগে আলাপকালে জানা যায়। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।<br><br>০২। অভিযোগকারী: জনাব মোঃ ইসমাইল, মোবাইল নম্বর: ০১৮৪৫-৪১৮১৯৭, যোগাযোগ তথ্য খুজে পাওয়া যাচ্ছে না মর্মে অভিযোগ করেছেন।<br><br>জনাব মোঃ ইসমাইল, মোবাইল নম্বর: ০১৮৪৫-৪১৮১৯৭, এর সাথে ২৭/০৭/২০২৩ খ্রি. তারিখে টেলিফোনযোগে কথা হয়। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালকের কার্যালয়ের এবং মাঠ কার্যালয়ের কর্মকর্তাদের তথ্য ও ফোন নম্বর সম্বলিত বিষয়াদি কিভাবে ওয়েবসাইটে দেখা যাবে এবং ডাউনলোড করা যাবে সে বিষয়ে বুঝিয়ে দেয়া হয়েছে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | - | - |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | | | | | ০৩। অভিযোগকারী: জনাব মোঃ সোহেল রানা, মোবাইল নম্বর- ০১৭৯১-৯২১৩৬৫, অনলাইনে কোর্স ফি পরিশোধ সংক্রান্ত অভিযোগ করেন (প্রশিক্ষণ সংক্রান্ত)।<br><br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ সোহেল রানা, মোবাইল- ০১৭৯১-৯২১৩৬৫ এর সাথে টেলিফোনযোগে nise.gov.bd- online যোগাযোগ করা হয়েছে। তিনি জানিয়েছেন, অনলাইনে ভর্তির আবেদন শেষে কোর্স ফি পরিশোধের অপশন আসে। নগদের মাধ্যমে ১০০০/- (এক হাজার) টাকা কোর্স ফি পরিশোধ করেন এবং পরিশোধ সংক্রান্ত তথ্য আইডিতে দৃশ্যমান। ভর্তির জন্য কাগজ জমা দেওয়ার সময় ১০০০/- (এক হাজার) টাকা কোর্স ফি দিয়ে ভর্তি হন। এ প্রেক্ষিতে তাকে জানানো হয় যে, জেলা কার্যালয় কর্তৃক আবেদন বাছাই করা হয়। তারপর ভর্তির জন্য মনোনয়ন দেয়া হয়। শুধুমাত্র ভর্তির জন্য মনোনীত প্রার্থীগণ সংশ্লিষ্ট কেন্দ্রে নির্ধারিত কোর্স ফি জমাদান (সরাসরি) পূর্বক ভর্তি হতে পারেন।<br><br>অভিযোগকারীকে অনলাইনে ভর্তির ফি জমার কাগজপত্রসহ যুব উন্নয়ন অধিদপ্তরের স্থানীয় অফিস অর্থাৎ উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়ে যোগাযোগ করতে বলা হয়েছে।<br><br>০৪। অভিযোগকারী: জনাব মোঃ মিজানুর রহমান, মোবাইল নম্বর- ০১৮৭৯-১৩৯৫৫৪, বিজয়নগর, পল্টন প্রশিক্ষণ কেন্দ্রের যোগাযোগের নম্বর নাই মর্মে অভিযোগ করেছেন (প্রশিক্ষণ সংক্রান্ত)।<br><br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মোঃ মিজানুর রহমান, মোবাইল নম্বর- ০১৮৭৯-১৩৯৫৫৪ এর সাথে ৩০/০৭/২০২৩ খ্রি. তারিখ টেলিফোনযোগে কথা হয়। তিনি ঢাকা জেলা কার্যালয়াধীন পল্টনস্থ প্রশিক্ষণ কেন্দ্রে ০৩ (তিন) মাস মেয়াদী পোষাক তৈরী প্রশিক্ষণ কোর্সের একজন প্রশিক্ষণার্থী। তিনি জানান, উক্ত কেন্দ্রের প্রশিক্ষকের নাম, পদবী ও মোবাইল নম্বরটি ঢাকা জেলার ওয়েব পোর্টালে আপলোড করা হয়নি এবং পূর্ববর্তী প্রশিক্ষকের নাম, পদবী ও মোবাইল নম্বর এখনও বহাল আছে। এ প্রেক্ষিতে উপপরিচালক, ঢাকা জেলা কার্যালয়কে ফোনযোগে বিষয়টি অবহিত করা হলে তিনি দ্রুততার সাথে বর্তমানে কর্মরতদের তথ্য দিয়ে ওয়েব পোর্টাল হালনাগাদ করার আশ্বাস দেন। বিষয়টি অভিযোগকারীকেও অবহিত করা হয়েছে। | - | - |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্ত যোগে | অনলাইনে | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | | | | | ০৫। অভিযোগকারী: জনাব মহিউদ্দিন আহমেদ, মোবাইল নম্বর- ০১৯৩৯-০৬৪০২৭, তিনি একজন বেকার যুবক। যে কোনো মন্ত্রণালয়ে তার একটি চাকুরির প্রয়োজন মর্মে অভিযোগ করেছেন।<br><br>সংশ্লিষ্ট অভিযোগকারী জনাব মহিউদ্দিন আহমেদ, মোবাইল নম্বর- ০১৯৩৯-০৬৪০২৭ এর সাথে ৩০/০৭/২০২৩ খ্রি. তারিখে টেলিফোনযোগে কথা হয়। তিনি সদর, চাঁদপুর জেলার বাসিন্দা। তাঁর বয়স ৩৫ বছর এর উর্দ্ধে। সরকারি চাকুরিতে প্রবেশের বয়সসীমা ইতিমধ্যে অতিক্রম করেছেন। কাজেই সরকারি চাকুরিতে প্রবেশের জন্য তার সুযোগ নেই মর্মে জানানো হয়েছে। একই সাথে তাকে বেসরকারি চাকুরির জন্য অথবা আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের পরামর্শ প্রদান করা হয়েছে। | - | - |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | - | - | - | - | - |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | ০১টি | ০১টি | ০১টি | আমি একজন ফুটবল খেলোয়াড়, বাংলাদেশের খেলোয়াড় হতে চাই। | - | - |
| ক্রীড়া পরিদপ্তর | - | - | - | - | - | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | - | - | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - | - | - |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সমন্বয়-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.৩০১ তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০
১০ সেপ্টেম্বর ২০২৩

বিষয়: **অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) আগস্ট/২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.১৪৮, তারিখ: ৩০/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত আগস্ট/২০২৩ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ২ (দুই) পাতা।

১০-৯-২০২৩
মুঃ গোলাম মোস্তফা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১০৮৩
ইমেইল: csmoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ** সিনিয়র সহকারী সচিব, অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.৩০১/১(৩) তারিখ: ২৬ ভাদ্র ১৪৩০
১০ সেপ্টেম্বর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২) প্রোগ্রামার (সংযুক্ত), আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।

৩) যুগ্মসচিব (সমন্বয় ও আইন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

১০-৯-২০২৩
মুঃ গোলাম মোস্তফা

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন

### মাসের নাম: আগস্ট/২০২৩

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | - | - | ০১টি | (ক) ২৯.০৫.২০২৩ খ্রি. তারিখে অনলাইনে ০১টি অভিযোগ পাওয়া যায়। প্রাপ্ত অভিযোগটি ০৯.০৮.২০২৩ খ্রি. তারিখে নিষ্পত্তি করা হয়েছে। | - | - |
| যুব উন্নয়ন অধিদপ্তর | - | ০১ (এক) | ০১ (এক) | ০১ (এক) | ০১। অভিযোগকারী: জনাব এ বি এম মোয়াজ্জেম হোসেন, মোবাইল নম্বর: ০১৭১০-৮০৭৪২৪, মুক্তিযোদ্ধার সন্তানদের পদোন্নতি সংক্রান্ত অভিযোগ করেছেন।<br><br>অভিযোগকারী জনাব এ বি এম মোয়াজ্জেম হোসেন,, মোবাইল নম্বর: ০১৭১০-৮০৭৪২৪, এর সাথে ২৯/০৮/২০২৩ খ্রি. তারিখ ফোনযোগে কথা হয়। তার পরিচয় জানতে চাওয়া হলে তিনি জানান, যুব উন্নয়ন অধিদপ্তরের বেগমগঞ্জ, নোয়াখালী কার্যালয়ে তিনি সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদে কর্মরত। তিনি উল্লেখ করেন, তিনি একজন মুক্তিযোদ্ধার সন্তান। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পদের ফিডার পদধারী হিসেবে মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে পদোন্নতির জন্য বিবেচনার অনুরোধ জানান মৌখিকভাবে। এ পর্যায়ে তাকে যুব উন্নয়ন অধিদপ্তরের পদোন্নতি সংক্রান্ত বিষয়ে বিদ্যমান বিধিবিধান সম্পর্কে ধারণা প্রদান করা হয়। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | - | - |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | - | - | - | - | - |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | - | - | - | - | - | - |
| ক্রীড়া পরিদপ্তর | - | ০১টি | ০১টি | ০১টি | NOC প্রাপ্তির জন্য ০৬-০১১-২০২২ তারিখ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করে। কিন্তু তাঁর চাকুরী স্থায়ী না হওয়ায় NOC প্রদান করা সম্ভব হয়নি। | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | - | - | - | - | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - | - | - |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

সমন্বয়-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.৩২৯

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

বিষয়: **অভিযোগ প্রতিকার ব্যবস্থার (Grievance Redress System-GRS) সেপ্টেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন প্রেরণ**

সূত্র: মন্ত্রিপরিষদ বিভাগের পত্র নম্বর: ০৪.০০.০০০০.৮১১.২৭.০৩৫.১৫.১৪৮, তারিখ: ৩০/১১/২০১৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং এ মন্ত্রণালয়াধীন দপ্তর/সংস্থাসমূহের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত সেপ্টেম্বর/২০২৩ মাসের প্রতিবেদন নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৬ (ছয়) পাতা।

৯-১০-২০২৩
মুঃ গোলাম মোস্তফা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫১০১০৮৩
ইমেইল: csmoys66@gmail.com

মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণঃ** উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), অভিযোগ ব্যবস্থাপনা শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৪৯.১৬.০০৯.২১.৩২৯/১(৩)

তারিখ: ২৪ আশ্বিন ১৪৩০
০৯ অক্টোবর ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২) প্রোগ্রামার, আইসিটি শাখা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৩) যুগ্মসচিব ( সমন্বয় ও আইন অনুবিভাগ) এর ব্যক্তিগত কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৯-১০-২০২৩
মুঃ গোলাম মোস্তফা
সিনিয়র সহকারী সচিব

# যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা মাসিক প্রতিবেদন

### মাসের নাম: সেপ্টেম্বর/২০২৩

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখা স্তযোগে | অনলাইনে | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| যুব ও ক্রীড়া মন্ত্রণালয় | - | ০১টি | ০১টি | ০১টি | (ক) ০২.০৯.২০২৩ খ্রি. তারিখে অনলাইনে ০১টি অভিযোগ পাওয়া যায়। অভিযোগটি এ মন্ত্রণালয়ের আওতাধীন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট-এর সাথে সম্পৃক্ত হওয়ায় অভিযোগটি যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ১২.০৯.২০২৩ খ্রি. তারিখের ৩৪.০০. ০০০০. ০৪১.১৬.০০৭.২৩.৩৪৬ নং স্মারকের মাধ্যমে অভিযোগটি নিষ্পত্তিপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। সে পরিপ্রেক্ষিতে শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট ১৩.০৯.২০২৩ খ্রি. তারিখের ৩৪.০৬. ২৬৭২. ০০০.১৬. ০৫২.২১.১৬(ক)স্মারকের মাধ্যমে অভিযোগটি নিষ্পত্তিপূর্বক এ মন্ত্রণালয়কে অবহিত করেছে। | - | - |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | - | ০৭ (সাত) | ০৭ (পাঁচ) | ০৭ (সাত) | ০১। অভিযোগকারী: জনাব তৌফিকুল ইসলাম, মোবাইল- ০১৭৬৮-৬২৭৭৭৮, nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে আবেদন করতে গেলে সেখানে মোবাইল নাম্বার ভেরিফাই Invaild Code দেখা যায় মর্মে অভিযোগ করেছেন। (প্রশিক্ষণ সংক্রান্ত)<br>অভিযোগকারী জনাব তৌফিকুল ইসলাম, মোবাইল- ০১৭৬৮-৬২৭৭৭৮ এর সাথে টেলিফোনযোগে যোগাযোগ করা হয়েছে। তিনি জানান nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে আবেদন করতে গেলে সেখানে মোবাইল নাম্বার ভেরিফাই Invaild Code দেখা যায়। অভিযোগটি a2i এর nise প্লাট ফর্ম সম্পর্কিত। এ বিষয়ে a2i প্রতিনিধিদের সাথে যোগাযোগ করে অভিযোগ সমাধানের প্রক্রিয়া চলমান রয়েছে। সমাধান হলে অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হবে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।<br><br>০২। অভিযোগকারী: জনাব সৌরভ শোভন, মোবাইল- ০১৭৫৭-৪৫১২৮৩, nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে আবেদন ও ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা সৃষ্টি বিষয়ক অভিযোগ করেছেন। (প্রশিক্ষণ সংক্রান্ত)<br>অভিযোগকারী জনাব সৌরভ শোভন, মোবাইল- ০১৭৫৭-৪৫১২৮৩ এর সাথে টেলিফোনযোগে যোগাযোগ করা হয়েছে। তিনি জানান nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে আবেদন ও ব্যবস্থাপনায় বিশৃঙ্খলা দেখা যাচ্ছে। অভিযোগটি a2i এর nise প্লাট ফর্ম সম্পর্কিত। এ বিষয়ে a2i প্রতিনিধিদের সাথে যোগাযোগ করে অভিযোগ সমাধানের প্রক্রিয়া চলমান রয়েছে। সমাধান হলে অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হবে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | - | - |

| ন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | | | | | ০৩। অভিযোগকারী: জনাব তানজিদা ফারহানা, মোবাইল-০১৭৪৭-৭২৮৩৩২, nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন নিচ্ছে না, মোবাইল এ ম্যাসেজ আসতেছে না মর্মে অভিযোগ করেছেন। (প্রশিক্ষণ সংক্রান্ত)<br>অভিযোগকারী জনাব তানজিদা ফারহানা, মোবাইল- ০১৭৪৭-৭২৮৩৩২ এর সাথে টেলিফোনযোগে যোগাযোগ করা হয়েছে। তিনি জানান nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন নিচ্ছে না, মোবাইল এ ম্যাসেজ আসতেছে না মর্মে জানান। অভিযোগটি a2i এর nise প্লাট ফর্ম সম্পর্কিত। এ বিষয়ে a2i প্রতিনিধিদের সাথে যোগাযোগ করে অভিযোগ সমাধানের প্রক্রিয়া চলমান রয়েছে। সমাধান হলে অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হবে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য।<br><br>০৪। অভিযোগকারী: জনাব মোস্তাফিজুর রহমান, মোবাইল-০১৯০৩-৮০১২১০, nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন বিষয়ে অভিযোগ করেছেন। (প্রশিক্ষণ সংক্রান্ত)<br>অভিযোগকারী জনাব মোস্তাফিজুর রহমান, মোবাইল- ০১৯০৩-৮০১২১০ এর সাথে টেলিফোনযোগে যোগাযোগ করা হয়েছে। তিনি জানান nise.gov.bd তে প্রশিক্ষণ কোর্সে রেজিস্ট্রেশন নিচ্ছে না মর্মে জানান। অভিযোগটি a2i এর nise প্লাট ফর্ম সম্পর্কিত। এ বিষয়ে a2i প্রতিনিধিদের সাথে যোগাযোগ করে অভিযোগ সমাধানের প্রক্রিয়া চলমান রয়েছে। সমাধান হলে অভিযোগকারীকে জানিয়ে দেওয়া হবে। বিষয়টি নিষ্পত্তিযোগ্য। | - | - |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখা স্তযোগে | অনলাইনে | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | | | | | ০৫। অভিযোগকারী: জনাব মোঃ সোহেল, মোবাইল নম্বর: ০১৭২৮৭৭৫৭৮১, যুব উন্নয়ন অধিদপ্তরে অনিয়মের বিরুদ্ধে অভিযোগ করেছেন।<br>অভিযোগকারী প্রশিক্ষণপ্রাপ্ত যুবক জনাব মোঃ সোহেল, (মোবাইল নম্বর: ০১৭২৮৭৭৫৭৮১) যুব উন্নয়ন অধিদপ্তর, গাজীপুর জেলা কার্যালয়াধীন যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্পের আওতায় ২০২১-২০২২ অর্থবছরের ৩য় ব্যাচের একজন প্রশিক্ষণ প্রাপ্ত যুবক। তিনি প্রশিক্ষণ পরবর্তী বিধি মোতাবেক যাতায়াত ভাতাসহ সকল সুবিধাদী গ্রহণ করেছেন। জনাব মোঃ সোহেল প্রশিক্ষণের সনদ দিয়ে ঋণ প্রাপ্তির জন্য সদর উপজেলা কার্যালয়ে এবং আমার সাথে আলোচনা করেন। যানবাহন চালনা প্রশিক্ষণের সনদ দিয়ে বর্তমানে ঋণ প্রদানের কোন নির্দেশনা এবং নিয়মিত কোন প্রশিক্ষণ না থাকায় যুব ঋণ প্রদানের সুযোগ নেই মর্মে তাকে বিষয়টি সুন্দরভাবে বুঝিয়ে দেওয়া হয়। উল্লেখ্য যে, ঋণ প্রাপ্তি জন্য তিনি কোন লিখিত আবেদনও করেন নাই। ফলে যুব ঋণ না পাওয়ার বিষয়টি অবহিত হয়েই তিনি সংক্ষুব্ধ হন ও ততক্ষনাৎ আমার অফিস কক্ষে খারাপ প্রতিক্রিয়াও দেখান। এমতাবস্থায় সংক্ষুব্ধতা থেকে জনাব মোঃ হারুন অর রশীদ খান, উপপরিচালকের বিরুদ্ধে মিথ্যা ও বানোয়াট অভিযোগ উপস্থাপন করেছেন। এখানে আরো উল্লেখ্য যে, প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণের লাইসেন্সের বিষয়টি সম্পূর্ণ বিআরটিএ গাজীপুরের এখতিয়ার। প্রশিক্ষণার্থীরা তাদের যোগ্যতা প্রমান করেই লাইসেন্স প্রাপ্ত হন। এ বিষয়ে জনাব মোঃ হারুন অর রশীদ খান, উপপরিচালকের হস্তক্ষেপের কোন সুযোগ নাই। এছাড়াও উল্লিখিত ব্যাচের ১৬ (ষোল) জন প্রশিক্ষণার্থী তাদের নিজ যোগ্যতায় বিআরটিএ কর্তৃক লাইসেন্স প্রাপ্ত হয়েছেন। সংশ্লিষ্ট অভিযোগকারী গত জুন ২০২২ খ্রি. প্রশিক্ষণ গ্রহণ করলেও তিনি জনাব মোঃ হারুন অর রশীদ খান, উপপরিচালকের বরাবর অভিযোগ করেছেন ১২ মাস পর। | - | - |

| ন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| যুব উন্নয়ন অধিদপ্তর | | | | | ০৬। অভিযোগকারী: জনাব রাব্বি ইসলাম, মোবাইল নম্বর: ০১৮৭৩-৮০০৮৯৩, ট্রেনিং নেয়ার পর লোন না দেওয়া মর্মে অভিযোগ করেছেন। (যুব ঋণ সংক্রান্ত)<br>২৭/০৯/২০২৩ খ্রি. অভিযোগকারী জনাব রাব্বি ইসলাম, মোবাইল নম্বর: ০১৮৭৩-৮০০৮৯৩ এর সাথে মোবাইলযোগে কথা হয়েছে। তিনি সদর, ঠাকুরগাঁও এর অধিবাসী। তিনি যুব ঋণ গ্রহণের লক্ষ্যে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে কোনরূপ যোগাযোগ না করে স্থানীয় ভ্রাম্যমান প্রশিক্ষকের সাথে যোগাযোগ করেন। এ প্রেক্ষিতে তাকে স্থানীয় উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়ে যোগাযোগ করে নির্ধারিত ফরম-এ যুব ঋণ প্রাপ্যতার জন্য আবেদনের পরামর্শ দেয়া হয়েছে। অভিযোগটি নিস্পত্তি হিসেবে বিবেচনাযোগ্য।<br><br>০৭। অভিযোগকারী: জনাব মোঃ হাদিউজ্জামান, মোবাইল নম্বর: ০১৬১০-৮১৬৯২৮, মাগুরা জেলা শালিকা সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা একজন যুবককে ট্রেনিং দেওয়াবে বলে আশ্বস্ত করে গ্রামের সকলের ভোটার আইডি কার্ডের সংগ্রহ করেছেন করে উনাকে দুই মাস হয়ে গিয়েছে কোন ভাবে কোন খবর জানায়নি মর্মে অভিযোগ করেছেন। (যুব প্রশিক্ষণ সংক্রান্ত)<br>অভিযোগকারী জনাব মোঃ হাদিউজ্জামান, মোবাইল নম্বর: ০১৬১০-৮১৬৯২৮ এর মোবাইল ফোনে একাধিকবার যোগাযোগ করা হলেও সংযোগ পাওয়া যায়নি। সংশ্লিষ্ট বিষয়ে উপপরিচালক, মাগুরার নিকট ফোনযোগে জানা যায়, অর্থবছরের শুরুতেই প্রশিক্ষণ ব্যাচ তৈরি করার লক্ষ্যে সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোহাম্মদ আবুল খায়ের প্রশিক্ষণ গ্রহণেচ্ছু যুবদের নিকট হতে প্রাথমিকভাবে কাগজপত্র সংগ্রহ করে রাখেন। কিন্তু, সেপ্টেম্বর এর পূর্বে প্রশিক্ষণ কোর্স পরিচালনা খাতে বাজেট বরাদ্দ না থাকায় কোর্স শুরু করা সম্ভব হয়নি। বর্তমানে বরাদ্দ পাওয়া গেছে। শীঘ্রই ব্যাচভিত্তিক প্রশিক্ষণ কোর্স শুরু করা হবে। | | |

| মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থার নাম | বর্তমান মাসে প্রাপ্ত অভিযোগের সংখ্যা | | মোট (১+২) | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | নিষ্পত্তিকৃত অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ | অনিষ্পত্তিকৃত অভিযোগের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | পত্র/দরখাস্তযোগে | অনলাইনে | | | | | |
| জাতীয় ক্রীড়া পরিষদ | - | - | - | - | - | - | প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির জন্য নথি যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হয়েছে। |
| বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান | - | - | - | - | - | - | - |
| ক্রীড়া পরিদপ্তর | - | - | - | - | - | - | - |
| শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট | - | ০১টি | ০১টি | ০১টি | শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটে ডিপ্লোমা কোর্সের ভর্তির লক্ষ্যে অনলাইনে আবেদনের লিংক না পাওয়ার সংক্রান্ত অভিযোগ। | - | - |
| বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন | - | - | - | - | - | - | - |